



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬,০০,০০০০,০৬৩,৩৪,০০৩,১৬, ১১১

তারিখ: ১২ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ।  
২৬ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: সম্প্রসারিত পৌর এলাকার ইউনিয়ন পরিষদ সদস্যদের স্ব স্ব সম্প্রসারিত ওয়ার্ডের দায়িত্ব পালনের বিষয়ে মতামত  
প্রদান প্রসংগে।

সূত্র: গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়ের স্মারক নং-৭৬৫/২, তারিখ: ১৫/১১/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪৩ এ উল্লেখ আছে যে, “এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন পল্লী এলাকাকে শহর এলাকা ঘোষণার পর পৌরসভায় অন্তর্ভুক্ত করা হইলে সেই এলাকা হইতে ইউনিয়ন পরিষদে নির্বাচিত চেয়ারম্যান বা সদস্য পৌরসভায় কাউন্সিলর হিসেবে বিবেচিত হইবেন।” গোপালগঞ্জ পৌর এলাকা সম্প্রসারণের কারণে গোপালগঞ্জ পৌরসভাকে ০৯টি থেকে ১৫টি ওয়ার্ডে বিভক্ত করা হয়েছে। কিন্তু প্রস্তাবে উল্লিখিত ইউনিয়ন পরিষদের ওয়ার্ডসমূহ পুনর্গঠিত পৌরসভার কোন্ কোন্ ওয়ার্ডে অন্তর্ভুক্ত হয়েছে তা উল্লেখ নেই। এ ছাড়াও পৌরসভার পূর্বের ওয়ার্ডসমূহ পুনর্গঠিত হয়েছে কিনা তা সূত্রস্থ স্মারকে বিস্তারিত উল্লেখ নেই।

০২। এমতাবস্থায়, নিম্নোক্ত তথ্যসমূহ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) আবেদনে উল্লিখিত ইউনিয়ন পরিষদের ওয়ার্ডসমূহ পুনর্গঠিত গোপালগঞ্জ পৌরসভার কোন ওয়ার্ডে অন্তর্ভুক্ত হয়েছে; এবং

(খ) পৌরসভার পূর্বের ওয়ার্ডসমূহ পুনর্গঠিত হয়েছে কিনা।

২৬/০১/২০২২  
(মোহাম্মদ ফারুক হোসেন)  
উপসচিব

ফোন: ৯৫৪১৪২  
e-mail: lgpaura1@lgd.gov.bd

মেয়ার  
গোপালগঞ্জ পৌরসভা  
গোপালগঞ্জ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ চিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব(নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ চিবালয়, ঢাকা।।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. শেখ আমিরুল ইসলাম (আমির), সদস্য, ০৯নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদ, গোপালগঞ্জ।